

৪৭

## ঘূর্ণি উপদ্রুত এলাকার শিক্ষার্থীদের পরীক্ষা ছাড়াই প্রমোশনের চিন্তাভাবনা

### যুগান্তর রিপোর্ট

বরিশাল ও কুলনা বিভাগের ঘূর্ণিঝড় প্রকৃতি  
এলাকার প্রাথমিক ও মাধ্যমিক স্তরের কুল-  
মন্ত্রাসার শিক্ষার্থীদের পরীক্ষা ছাড়াই পরবর্তী  
ক্রমে প্রমোশন দেয়ার চিন্তা-ভাবনা করছে  
সরকার। তবে নতুন ঘোষিত সময়সীমার মধ্যে  
ছাইনাম পরীক্ষা গ্রহণ করা সম্ভব না হলে  
বিষয়টি চূড়ান্ত হবে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র এ  
ভাবে জানিয়েছে।

নতুন নির্ধারিত সময় অনুযায়ী আগামী ২৬  
ডিসেম্বর থেকে ২০০৭ সালের বার্ষিক পরীক্ষা  
নেয়া হবে। ২৪ নভেম্বর থেকে পরীক্ষা নেয়ার  
কথা ছিল।

শিক্ষা সচিব মোঃ মোমতাজুল ইসলাম সোমবার  
সাংবাদিকদের জানান, নতুন ঘোষিত সময়ের  
আগে বা পরেও পরীক্ষা নেয়া যাবে। বিষয়টি  
যদি এমন হয় যে, ক্ষয়ক্ষতি পুঙ্খিয়ে ওঠা সম্ভব  
হয়েছে এবং শিক্ষার্থীরা প্রতিষ্ঠানে আসছে, তবে  
আগেই পরীক্ষা নেয়া যাবে। আবার যদি এমন  
হয়— শিক্ষার্থীরা আসছে না, কে কোথায় আছে  
হুদিস নেই, সেক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা  
নেয়া যাবে।

মঙ্গলবার পর্যন্ত দেশের বিভিন্ন স্থানে ঘূর্ণিঝড়ের  
কারণে ক্ষতিগ্রস্ত প্রতিষ্ঠানের সংখ্যার হিসাব  
পাওয়া গেছে প্রায় সাড়ে ৫ হাজার। এর মধ্যে  
সহস্রাবধিক প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে।  
শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, একমিকে  
শিক্ষার্থীরা হারিয়েছে পাঠ্যবই, অন্যমিকে কুল-  
মন্ত্রাসার বসার মধ্যে ভাঙা নেই। এক  
কিলোমিটারের মধ্যে পরীক্ষা নেয়ার ব্যবস্থাও  
নেই। এ অবস্থায় অটো প্রমোশন-এর (পরীক্ষা  
ছাড়াই উত্তীর্ণ) ব্যবস্থা করা হবে। তবে ঘোষণাটি  
এখনই আসবে না বলে এটি কর্মকর্তা জানান।